



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/7/2022

গভর্নর ক্যাথি হোকল

## লবিইং ও সরকারে নৈতিকতা বিষয়ক কমিশনের জন্য গভর্নর হোকলের মনোনয়নপ্রাপ্তদের নাম ঘোষণা

**মনোনয়নগুলো সম্পর্কে জনসাধারণের মন্তব্য জমা দেওয়া যাবে [এখানে](#)**

গভর্নর ক্যাথি হোকল আজ লবিইং ও সরকারে নৈতিকতা বিষয়ক কমিশনের (Commission on Ethics in Lobbying and Government) জন্য এক্সিকিউটিভ চেম্বারের তিনজনের মধ্যে দুইজন মনোনয়নপ্রাপ্তের নাম ঘোষণা করেছেন। জুন মাসে গৃহীত স্বাধীন পর্যালোচনা কমিটির কার্যধারা অনুযায়ী, মনোনয়নপ্রাপ্তদের সম্পর্কে মন্তব্য করার জন্য এবং সেটি নিউ ইয়র্কের স্বাধীন পর্যালোচনা কমিটির ল স্কুলের ডিনদের সামনে পর্যালোচনা এবং মনোনয়নপ্রাপ্তদের কমিশনে দায়িত্ব পালন করা অনুমোদন বা প্রত্যাখ্যান হওয়ার জন্য জনসাধারণ সাত কর্মদিবস সময় পাবে।

"লবিইং ও সরকারে নৈতিকতা বিষয়ক কমিশন একটি স্বনির্ভর, ন্যায্য-মানসিকতার নৈতিকতা সংস্থা হবে যেটি নিউ ইয়র্কবাসীদের জন্য অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রদান করবে এবং সরকারের প্রতি আস্থা ফিরিয়ে আনতে সাহায্য করবে," বলেছেন গভর্নর হোকল। "স্বাধীন পর্যালোচনা কমিটি কর্তৃক বিবেচনার জন্য এই দুইজন সম্মানিত, স্বাধীন আইনি বিশেষজ্ঞকে এই কমিশনের জন্য মনোনয়ন প্রদান করতে পেরে আমি গর্বিত, এবং আমি কমিশনকে ও কমিটিকে তাদের মিশন সম্পন্ন করতে সফল হওয়া নিশ্চিত করতে যেকোনো প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে দৃঢ় প্রতিজ্ঞ।"

গভর্নর হোকল তার [2022 সালের স্টেট অব দ্য স্টেট](#) ভাষণের এজেন্ডার অংশ হিসেবে সর্বপ্রথম জয়েন্ট কমিটি অন পাবলিক ইথিকসকে (Joint Committee on Public Ethics) একটি নতুন স্বাধীন ইথিকস এজেন্সি দিয়ে প্রতিস্থাপন করার প্রস্তাব দিয়েছিলেন। লবিইং ও সরকারে নৈতিকতা বিষয়ক কমিশন তৈরির বিলটি আইনসভার উভয় কক্ষে পাশ হয় এবং 9 এপ্রিল 2022 তারিখে গভর্নর কর্তৃক [স্বাক্ষরিত হয়ে আইনে পরিণত হয়](#)। নিউ ইয়র্কের ল স্কুলগুলোর ডিনদের নিয়ে গঠিত স্বাধীন পর্যালোচনা কমিটি 15 জুন, 2022 তারিখে এই কমিশনের জন্য মনোনয়নপ্রাপ্তদের যোগ্যতা মূল্যায়নের [কার্যধারা](#) প্রকাশ করেছে।

মাইকেল এ. কার্ডোজো লবিইং ও সরকারে নৈতিকতা বিষয়ক কমিশনে দায়িত্ব পালনের জন্য মনোনয়নপ্রাপ্ত হয়েছেন। মি. কার্ডোজো নিউ ইয়র্ক সিটি কর্পোরেশনের একজন সাবেক

কাউন্সেল এবং বর্তমানে Proskauer (প্রোসকাউয়ার)-এ লিটিগেশন পার্টনার হিসেবে দায়িত্ব পালন করছেন। নিউ ইয়র্ক সিটির সবচেয়ে দীর্ঘ সময় ধরে দায়িত্ব পালনকারী কর্পোরেশন কাউন্সেল হিসেবে, মি. কার্ডোজো সিটির 700 জন আইনজীবী বিশিষ্ট আইন বিভাগকে 2002 সাল থেকে 2013 সাল পর্যন্ত নেতৃত্ব দিয়েছেন, যেখানে তিনি মেয়রের, সিটির এবং এটির সব সংস্থার আইনি কাউন্সেল হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি সিটিজেন্স ইউনিয়ন (Citizens Union), ফান্ড ফর মডার্ন কোর্টস (Fund for Modern Courts) এবং অ্যাডভাইজরি বোর্ড অব লিগাল আউটরিচ (Advisory Board of Legal Outreach) সহ বহু নাগরিক সংস্থার বোর্ডে নেতৃত্বের ভূমিকা পালন করেছেন; এছাড়াও তিনি নিউ ইয়র্ক স্টেটের প্রধান বিচারপতি কর্তৃক নিউ ইয়র্ক স্টেটের কমিশন অন লেজিসলেটিভ, জুডিসিয়াল ও এক্সিকিউটিভ কমপেনসেশন (Commission on Legislative, Judicial and Executive Compensation)-এর সভাপতি নিযুক্ত হয়েছিলেন।

**ফ্রেডরিক এ. ড্যাভি লবিইং ও সরকারে নৈতিকতা বিষয়ক কমিশনে** দায়িত্ব পালনের জন্য মনোনয়নপ্রাপ্ত হয়েছেন। মি. ড্যাভি বর্তমানে ইউনিয়ন থিওলজিক্যাল সেমিনারিতে (Union Theological Seminary) প্রেসিডেন্টের সিনিয়র স্ট্র্যাটেজিক অ্যাডভাইজর হিসেবে দায়িত্ব পালন করছেন এবং সরকারি নীতিমালা ও সামাজিক সমস্যা সম্পর্কিত কিছু বাহ্যিক নেতৃস্থানীয় ভূমিকায় রয়েছেন, যার মধ্যে নিউ ইয়র্ক সিটির রেসিয়াল জাস্টিস/চার্টার রিফর্ম কমিশন (Racial Justice/Charter Reform Commission of the City of New York), আন্তর্জাতিক ধর্মীয় স্বাধীনতা বিষয়ক যুক্তরাষ্ট্রের কমিশন (U.S. Commission on International Religious Freedom) এবং NYC নাগরিক অভিযোগ পর্যালোচনা বোর্ড (NYC Civilian Complaint Review Board) অন্তর্ভুক্ত রয়েছে। এর আগে মি. ড্যাভি সরকারি/বেসরকারি ভেঞ্চারগুলোতে ও ফোর্ড ফাউন্ডেশনে (Ford Foundation) অলাভজনক খাতে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তার ডেপুটি বরো প্রেসিডেন্ট অব ম্যানহাটন, ডেপুটি মেয়রের কমিউনিটি ও পাবলিক অ্যাফেয়ার্স বিষয়ক চিফ অব স্টাফ, এবং NYC বোর্ড অব এডুকেশনের (NYC Board of Education) প্রেসিডেন্টের চিফ অব স্টাফ হিসেবে মিউনিসিপ্যাল সরকারে দায়িত্ব পালনের অভিজ্ঞতা রয়েছে।

এসব মনোনয়ন সম্পর্কে মন্তব্য অনলাইনে জমা দেওয়া যাবে:

<https://governor.ny.gov/ethicscommission>

11 সদস্য বিশিষ্ট লবিইং ও সরকারে নৈতিকতা বিষয়ক কমিশনে গভর্নর, সিনেট, অ্যাসেম্বলি, কম্পট্রোলার, ও অ্যাটর্নি জেনারেলের তরফ থেকে মনোনয়নপ্রাপ্তরা অন্তর্ভুক্ত থাকবে, যাদের মধ্যে সবাইকে ল স্কুলের ডিনগণ অনুমোদন বা প্রত্যাখ্যানের জন্য পর্যালোচনা করবেন। বিশেষ ভোট দানের আবশ্যিকতা দূরীকরণ, বডি ও ভোট উন্মুক্ত বৈঠক আইন ও FOIL এর আওতাধীন হওয়া, গোপনীয়তার যেকোনো লঙ্ঘন অ্যাটর্নি জেনারেলের কাছে রেফারযোগ্য হওয়া, এবং কর্মীদের উন্নত প্রশিক্ষণ এবং যেসব ভুক্তভোগী তাদের অপরাধীদের দ্বারা ক্ষতির শিকার হয়েছেন তাদের কাছে বিজ্ঞপ্তি পাঠানো ইত্যাদির মাধ্যমে এই কমিশন ভিন্নভাবে এবং আরো বেশি স্বচ্ছভাবে কাজ করবে। এছাড়াও কমিশনের জন্য এটির কার্যক্রম সম্পর্কে রিপোর্ট করার জন্য এবং জনসাধারণের কাছ থেকে মতামত শোনার জন্য একটি বার্ষিক সভার আয়োজন করা

আবশ্যক করা হয়েছে এবং প্রাপ্ত যেকোনো ফলাফল অবশ্যই 20 দিনের মধ্যে জানাতে হবে, যা আগের 45 দিন থেকে কমিয়ে আনা হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418